



## বাংলাদেশ

# লন্ডনে হাসপাতালে মেয়র আনিসুল

### নিজস্ব প্রতিবেদক



আনিসুল হক

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক সেন্ট্রাল লন্ডনের একটি হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন রয়েছেন। এক মাস ধরে তিনি লন্ডনে অবস্থান করছেন। চার দিন আগে অসুস্থ হয়ে পড়ায় তাঁকে লন্ডন হাসপাতালে ভর্তি করা হয়। তাঁর অবস্থা এখন আশঙ্কামুক্ত।

মেয়রের ব্যক্তিগত সচিব মিজানুর রহমান এ তথ্যের সত্যতা নিশ্চিত করেছেন।

মিজানুর রহমান বলেন, মস্তিষ্কের রক্তনালির প্রদাহজনিত রোগে আক্রান্ত হয়েছেন মেয়র আনিসুল হক। তাঁর এই অসুখ বাংলাদেশে ধরা না পড়লেও তিনি প্রায় দুই মাস মস্তিষ্কজনিত সমস্যায় ভুগছিলেন। চিকিৎসকেরা তাঁকে স্টেরয়েডসহ বিভিন্ন

ওষুধ দিয়েছেন। তিনি এখন আইসিইউতে আছেন। দ্রুত সুস্থতার জন্য দেশবাসীর কাছে মেয়র দোয়া চেয়েছেন বলেও জানান তিনি।

মিজানুর রহমান বলেন, লন্ডনের একটি হাসপাতালে আগে থেকেই তিনি চিকিৎসা নিচ্ছিলেন। চার দিন আগে হাসপাতালে ভর্তি হন। চিকিৎসকেরা তাঁকে পুরোপুরি বিশ্রামে থাকার পরামর্শ দিয়েছেন। কথা বলতে নিষেধ করেছেন। তাঁর অবস্থা আশঙ্কামুক্ত। শিগগিরই দেশে ফিরবেন।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

---

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো